# স্বর্ণ ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিবিধ প্রশ্ন-উত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন-উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সপ্তদশ প্রশ্ন: স্বর্ণ আটক করা বা বুকিং (booking) দেয়ার বিধান কী?— আর এ বুকিং (booking) মানে হল, মূল্যের কিছু অংশ পরিশোধ করে পুরা মূল্য পরিশোধ করে দেয়া পর্যন্ত ব্যবসায়ীর নিকট তা আমানত হিসেবে রেখে দেওয়া।

উত্তর: এটা বৈধ নয়; কারণ, যখন সে তা বিক্রয় করবে, তখন ক্রয়-বিক্রয়ের চাহিদা বা দাবি হল বিক্রেতার কাছ থেকে তার মালিকানা ক্রেতার নিকট স্থানান্তরিত হওয়া; সুতরাং এ ধরনের বুকিং (booking) পদ্ধতি হারাম ও অবৈধ, বরং জরুরি হল বিক্রেতা কর্তৃক পুরা মূল্য গ্রহণ করা; অতঃপর ক্রেতা ইচ্ছা করলে তা বিক্রেতার নিকট রেখে দিবে, আর ইচ্ছা করলে তা গ্রহণ করবে; তবে হ্যাঁ, যদি সে তার পক্ষ থেকে দাম বলে এবং বিক্রেতা সে দামে বিক্রি না করে, তারপর সে (ক্রেতা) চলে যায় এবং বাকি মূল্য নিয়ে আসে, অতঃপর চুক্তি সম্পন্ন হয় এবং এর পরে তা গ্রহণ করে, তাহলে এটা বৈধ হবে; কারণ, (এখানে) মূল্য উপস্থিত করার পরেই চুক্তি সম্পন্ন হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3678

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন